

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৫৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭

১৩ এপ্রিল ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৩৬০৯/২০১৮ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-১৭০/২০১৯ এর আদেশ মোতাবেক হাজী আবদুল মোতালিব মহিলা কলেজ, যশোর এর এমএলএসএস জনাব মো: শহিদুল ইসলামকে বরখাস্তকালীন বকেয়া বেতন-ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: শহিদুল ইসলাম, অফিস সহায়ক গত ১৭.০৫.২০১৬ তারিখে রিট মামলা নং-৪০৭২/২০১৬, ০৫.১০.২০১৭ তারিখ রিট মামলা নং-১৩৬০৯/২০১৭ এবং ২৮.০৩.২০১৮ তারিখ কনটেম্পট মামলা নং-১৭০/২০১৮ মহামান্য হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে জনাব মো: শহিদুল ইসলাম, অফিস সহায়ক এর বকেয়া বেতন ভাতাসহ চাকুরীতে পুনঃবহাল এর বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে গত ১৬.০৯.২০১৯ এবং ০৮.১১.২০২০খ্রি. তারিখে পত্র দেয়া হয়।

সেপ্রেক্ষিতে এ বিভাগের গত ১৬.০৯.২০১৯ এবং ০৮.১১.২০২০খ্রি. তারিখের পত্রের আলোকে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ১৭.১১.২০২০খ্রি. তারিখের এমপিও কমিটির সুপারিশের আলোকে ২৯.০১.২০২১খ্রি. তারিখে ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২১.২০.৭৫ সংখ্যক স্মারকে জনাব মো: শহিদুল ইসলাম, অফিস সহায়ক-কে বরখাস্তকালীন বকেয়া বেতন-ভাতা জনবল কাঠামো ১৮(৫) ধারা মোতাবেক কলেজ কর্তৃপক্ষকে পরিশোধ করার জন্য অধ্যক্ষ, হাজী আবদুল মোতালিব মহিলা কলেজ, যশোরকে পত্র দেয়া হয়।

জনাব মো: শহিদুল ইসলাম, অফিস সহায়ক-কে বরখাস্তকালীন বকেয়া বেতন-ভাতাদি না পাওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে (কনটেম্পট মামলায় ১৭০/২০১৮) ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ৬নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এমতাবস্থায়, হাজী আবদুল মোতালিব মহিলা কলেজ, যশোর এর এমএলএসএস জনাব মো: শহিদুল ইসলামকে বরখাস্তকালীন বকেয়া বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে কনটেম্পট পিটিশন নং- ১৭০/২০১৮ (রিট পিটিশন নং- ১৩৬০৯/২০১৮ হতে উদ্ধৃত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ৬নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনাসহ মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৩-৪-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১ ০৫০ ৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৫৩/১(৫)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭

১৩ এপ্রিল ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৩-৪-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব